# প্যানেল মিটিংয়ের উপরিচিত্র: শিক্ষা বছর (SY) 2025-2026

## মিটিংয়ের তথ্য ও ক্যালেন্ডার

সকল মিটিং সন্ধ্যা 6:00pm (EST) শুরু হয় এবং ইন্টারনেটের মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয় (এখানে দেখুন)। প্রতি মাসের মিটিং সম্পর্কে অতিরিক্ত তথ্য উল্লেখিত ওয়েবসাইটে পাওয়া যেতে পারে: PEP - প্যানেল মিটিংয়ের সময়সূচি। প্যানেল মিটিংগুলোতে *সবসময়ই* দোভাষী পরিষেবাসমূহ প্রদান করা হবে। আপনার যদি এমন কোনও ভাষায় পরিষেবা প্রয়োজন হয় যা ইতোমধ্যেই দেয়া হচ্ছে না, তবে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন: panel@schools.nyc.gov।

| মিটিংয়ের ধরন | মিটিংয়ের তারিখ |
|---|---|
| মাসিক মিটিং - জুলাই | 23 **জুলাই**, 2025 |
| মাসিক মিটিং - অগাস্ট | 27 **অগাস্ট**, 2025 |
| মাসিক মিটিং - সেপ্টেম্বর | 25 **সেপ্টেম্বর**, 2025 |
| মাসিক মিটিং - অক্টোবর | 29 **অক্টবর**, 2025 |
| মাসিক মিটিং - নভেম্বর | 19 **নভেম্বর**, 2025 |
| স্কুল ব্যবহার সংক্রান্ত সম্ভাব্য মিটিংয়ের তারিখ | 3 **ডিসেম্বর**, 2025 |
| মাসিক মিটিং - ডিসেম্বর | 17 **ডিসেম্বর**, 2025 |
| মাসিক মিটিং - জানুয়ারি | 28 **জানুয়ারি**, 2026 |
| স্কুল ব্যবহার সংক্রান্ত সম্ভাব্য মিটিংয়ের তারিখ | 11 **ফেব্রুয়ারি**, 2026 |
| মাসিক মিটিং - ফেব্রুয়ারি | 25 **ফেব্রুয়ারি**, 2026 |
| মাসিক মিটিং - মার্চ | 25 **মার্চ**, 2026 |
| স্কুল ব্যবহার সংক্রান্ত সম্ভাব্য মিটিংয়ের তারিখ | 15 **এপ্রিল**, 2026 |
| মাসিক মিটিং - এপ্রিল | 29 **এপ্রিল**, 2026 |
| স্কুল ব্যবহার সংক্রান্ত সম্ভাব্য মিটিংয়ের তারিখ | 6 **মে**, 2026 |
| মাসিক মিটিং - মে | 20 **মে**, 2026 |
| মাসিক মিটিং - জুন | 17 **জুন**, 2026 |

## গণ-বিবৃতি প্রদানে অংশগ্রহণ

একটি প্যানেল মিটিংয়ে সশরীরে গণ-বিবৃতি প্রদানের দুইটি ভিন্ন ধরণের উপায় রয়েছে: পাবলিক বা গণ-মন্তব্য এবং উন্মুক্ত মন্তব্য। **গণ-মন্তব্য** প্রতিটি আলোচ্য বিষয়ের উপর গ্রহণ করা হয়, যেগুলোতে প্যানেল ভোট দেবে, যেমন বিভিন্ন চুক্তি, স্কুল ব্যবহারের প্রস্তাব, অথবা চ্যান্সেলরের প্রবিধানমালা। জনসাধারণ যারা বক্তব্য পেশ করার জন্য সাইন আপ করেছেন, তারা মিটিংয়ের যথাযথ অংশে(সমূহে) সর্বোচ্চ আড়াই মিনিট সময় পাবে। **উন্মুক্ত মন্তব্য** সাধারণত সকল আলোচ্য বিষয়ের উপর ভোট গ্রহণের পর, মিটিংয়ের শেষে সংঘটিত হয়। উন্মুক্ত মন্তব্য জনসাধারণকে তাদের আগ্রহের বিষয়ে সর্বোচ্চ দুই মিনিট (2:00) আলোচনা করার সুযোগ দেয়ার জন্য সুনির্দিষ্টভাবে ডিজাইন করা হয়েছে। এছাড়াও, সশরীরে বিবৃতি দেয়ার পাশাপাশি, জনসাধারণ যেকোনো সময় প্যানেলের কাছে সরাসরি লিখিত গণ-মন্তব্য জমা দিতে পারে।

## গণ-বিবৃতি দেয়ার জন্য সাইন আপ

গণ (পাবলিক) অথবা উন্মুক্ত মন্তব্য প্রদানের সময় সশরীরে বিবৃতি পেশ করতে যে কেহই সাইন আপ করতে পারেন। উভয়, আয়োজনকারী স্কুলের দরজায় এবং প্যানেলের ওয়েবসাইটে ভার্চুয়ালভাবে, স্পিকার বা বক্তব্য প্রদানকারীর জন্য সাইন-আপ করার সুযোগ 5:30 থেকে 6:15pm (EST) পর্যন্ত খোলা থাকবে । বক্তাগণ শুধুমাত্র গণ মতামত প্রদানের জন্য নিজেদের নাম সাইন আপ করতে পারবেন, এবং যারা সাইন আপ করবেন, শুধুমাত্র তাদেরকেই যথাযথ সময়ে(সমূহে) কথা বলতে ডাকা হবে। যারা গণ-মন্তব্য প্রদানের সময় ভোটদানের সুনির্দিষ্ট বিষয়ে কথা বলতে চান, তাদেরকে মিটিংয়ের সংশ্লিষ্ট অংশে আড়াই মিনিট (2:30) পর্যন্ত সুযোগ দেয়া হবে। এদিকে, যারা উন্মুক্ত মন্তব্য প্রদানের সময় বক্তব্য পেশ করতে চান তাদেরকে মিটিংইয়ের সেই অংশে দুই মিনিট (2:00) পর্যন্ত সুযোগ দেয়া হবে।